গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অনুবিভাগ-১
প্রশাসন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohpw.gov.bd

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.১২৩.২২.০০২.২৫-৩০১

তারিখঃ ৩০ বৈশাখ ১৪৩৩ / ১৩ মে ২০২৬

প্রজ্ঞাপন

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ আইন-২০২৬ এর ধারা ২৩ এর উপ-ধারা (২) অনুযায়ী ঢাকা মহানগর বিশদ অঞ্চল পরিকল্পনা (২০২২-২০৩৫)-এর ভূমি ব্যবহার পরিবর্তন সংক্রান্ত আবেদনসমূহ নিস্পত্তির লক্ষ্যে কারিগরি ও পেশাজীবীদের সমন্বয়ে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাউজক) কর্তৃক প্রস্তাবিত কারিগরি কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১। | সদস্য (পরিকল্পনা), রাজউক | - আহবায়ক |
| ২। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিব এর নিম্নে নয়) | - সদস্য |
| ৩। | নগর উন্নয়ন অধিদপ্তরের একজন প্রতিনিধি (উপ-পরিচালক এর নিম্নে নয়) | - সদস্য |
| ৪। | স্থাপত্য অধিদপ্তরের একজন প্রতিনিধি (নির্বাহী স্থপতির এর নিম্নে নয়) | - সদস্য |
| ৫। | ঢাকা ওয়াসার একজন প্রতিনিধি (নির্বাহী প্রকৌশলীর নিম্নে নয়) | - সদস্য |
| ৬। | বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের একজন প্রতিনিধি (উপ-পরিচালক এর নিম্নে নয়) | - সদস্য |
| ৭। | নগর পরিকল্পনাবিদ (নগর পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা), রাজউক | - সদস্য |
| ৮। | গণপূর্ত অধিদপ্তরের একজন প্রতিনিধি (নির্বাহী প্রকৌশলীর নিম্নে নয়) | - সদস্য |
| ৯। | প্রধান নগর পরিকল্পনাবিদ, রাজউক | - সদস্য-সচিব |

কমিটির প্রধান কার্যপরিধি (TOR)-

(ক) বিশদ অঞ্চল পরিকল্পনা (২০২২-২০৩৫)-এ বিভিন্ন ভূমি ব্যবহার এলাকা চিহ্নিতকরণে কারিগরি কোনো ভুল পরিলক্ষিত হয়, সেই ক্ষেত্রে উক্ত কমিটি কাজ করবে;

(খ) বিদ্যমান বিশদ অঞ্চল পরিকল্পনা (২০২২-২০৩৫) প্রযোজ্য ক্ষেত্রে পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন;

(গ) বিদ্যমান আইন, বিধি ও নীতিমালার সাথে আবেদনকৃত ভূমি ব্যবহার পরিবর্তনের সামঞ্জস্যতা যাচাই;

(ঘ) মৌজা ম্যাপ পরিবীক্ষণ;

(ঙ) আবেদনকৃত ভূমি ব্যবহার পরিবর্তনের ফলে পরিবেশের উপর কোন বিরূপ প্রভাব পড়বে কিনা তা কারিগরি যাচাই;

(চ) আবেদনকৃত পরিবর্তনের ফলে উপকৃত ব্যক্তি ও প্রভাব বলয় এলাকার জনগোষ্ঠীর তথ্যসহ পরিবর্তনের যৌক্তিকতা ও প্রয়োজনীয়তা বিশ্লেষণ;

(ছ) এ কারিগরি কমিটি তাদের মতামত সম্বলিত প্রতিবেদন রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের বোর্ড এর সভাপতি বরাবর দাখিল করবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১৩/০৫/২০২৬

(মোছাঃ লুৎফুন নাহার নাজীম)
উপসচিব (বিকল্প কর্মকর্তা)
দূরালাপনী-২২৩৩৫১৮৯২

স্মারক নম্বর: ২৫.০০.০০০০. ১২৩.২২.০০২.২৫-৩০১

তারিখঃ ৩০ বৈশাখ ১৪৩৩
১৩ মে ২০২৬

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।

২। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা (নির্বাহী প্রকৌশলীর এর নিম্নে নয় এমন একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।

৩। পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা (উপ-পরিচালক এর নিম্নে নয় এমন একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।

৪। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর (নির্বাহী স্থপতির এর নিম্নে নয় এমন একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।

৫। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্তৃপক্ষ, বিআইডব্লিউটিএ ভবন, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা (উপ-পরিচালক এর নিম্নে নয় এমন একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।

৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, ৯৮ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা (নির্বাহী প্রকৌশলীর এর নিম্নে নয় এমন একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।

৭। সদস্য (পরিকল্পনা), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।

৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০। সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১১। প্রধান নগর পরিকল্পনাবিদ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।

১২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

১৩। নগর পরিকল্পনাবিদ, (নগর পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।

১৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।

১৫। অফিস কপি/মাস্টার কপি।

(মোছাঃ লুৎফুন নাহার নাজীম)
উপসচিব (বিকল্প কর্মকর্তা)